प्रेस प्रकाशनी PRESS RELEASE

भारतीय रिज़र्व बैंक
RESERVE BANK OF INDIA

वेबसाइट : www.rbi.org.in/hindi
Website : www.rbi.org.in
ई-मेल/email : helpdoc@rbi.org.in

संचार विभाग, केंद्रीय कार्यालय, शहीद भगत सिंह मार्ग, फोर्ट, मुंबई-400001
Department of Communication, Central Office, Shahid Bhagat Singh Marg, Fort, Mumbai-400001 फोन/Phone: 022- 22660502

November 20, 2023

স্যাপারস ফিনান্স অ্যান্ড কনসালট্যান্সি প্রাইভেট লিমিটেড, কলকাতা-এর উপর ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক আর্থিক জরিমানা আরোপ করল

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই), নভেম্বর 02, 2023 দিনাঙ্কিত একটি আদেশ দ্বারা, (i) 'নন ব্যাঙ্কিং আর্থিক কোম্পানি (NBFCs) –এর নিয়ন্ত্রণ অধিগ্রহণ/ হস্তান্তর-এর ক্ষেত্র-সাপেক্ষে আরবিআই-এর আগাম অনুমোদন গ্রহণের প্রয়োজনীয়তা'; ও (ii) 'N*on*-Banking Financial Company Returns (Reserve Bank) Directions, 2016' তৎসহ পঠিত আরবিআই দ্বারা জারিকৃত 'Format of Statutory Auditors' Certificate (SAC) to be submitted by NBFCs' জনিত নির্দেশবিধি সংক্রান্ত আরবিআই দ্বারা জারিকৃত নির্দেশবিধিসমূহ অননুপালন করার মর্মে, স্যাপারস ফিনান্স অ্যান্ড কনসালট্যান্সি প্রাইভেট লিমিটেড, কলকাতা (কোম্পানি)-এর উপর ₹1.50 লাখ (এক লাখ পঞ্চাশ হাজার টাকা মাত্র) –এর আর্থিক জরিমানা আরোপ করেছে। এই দন্ডটি আরোপ করা হয়েছে রিজার্ভ ব্যাঙ্ক অফ ইন্ডিয়া অ্যাক্ট, 1934-এর ধারা 58G (1) (b) তৎসহ পঠিত ধারা 58B (5)(aa) -এর বিধানসমূহের অধীনে আরবিআই-এর উপর ন্যস্ত ক্ষমতাবলের প্রয়োগে।

এই ক্রিয়াপদক্ষেপ-এর ভিত্তি- বিধিসম্পর্কিত(regulatory) অনুপালন কার্যে খামতি, এবং কোম্পানি কর্তৃক তার গ্রাহকের সাথে ক্রিয়াপ্রবিষ্ট কোনও লেনদেন বা সম্মতিসনদ (agreement)-এর বৈধতা-র উপর বিচার-প্রভাব আরোপ এর অভিপ্রায় নয়।

পরিপ্রেক্ষিত

আরবিআই-তে একটি যোগাযোগ গৃহিত হয় এবং বিষয় সংক্রান্ত বিচার-পরীক্ষাকার্য অন্যান্য বিষয়াদি-র সাথে এইমর্মে প্রকাশ করে যে- ব্যাঙ্ক টি (i) ব্যর্থ হয়েছে প্রবন্ধন-ব্যবস্থাপনা (management) পরিবর্তনের সাপেক্ষে আরবিআই-এর আগাম অনুমোদন নিতে, এবং (ii) ব্যর্থ হয়েছে প্রযোজ্য রিটার্ন সমূহ ও সংবিধিবদ্ধ অডিটর জনিত প্রমানপত্র (statutory auditor's certificate) আরবিআই-তে দাখিল করতে। ফলতঃ, তদ-বিষয়ক উল্লেখ অনুযায়ী উক্ত নির্দেশবিধিসমূহ অননুপালন করার জন্য এর উপর কেন দন্ড আরোপ করা হবে না সেইমর্মে কারণ দর্শানোর পরামর্শ দিয়ে কোম্পানি-টির প্রতি একটি বিজ্ঞপ্তি (Notice) জারি করা হয়েছিল।

বিজ্ঞপ্তি-টির সাপেক্ষে কোম্পানি টি-র জবাব ও ব্যক্তিগত শুনানি কালীন এর দ্বারা পেশ করা মৌখিক দাখিলাদি বিবেচনা করার পর আরবিআই এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে আরবিআই দ্বারা জারিকৃত প্রাগোল্লেখিত নির্দেশবিধি সমূহ-এর অননুপালন জনিত অভিযোগ ধার্য-ক্রিয়া(charge) বাস্তবের ভিত্তিতে প্রতিষ্ঠিত এবং কোম্পানি-টির উপর আর্থিক জরিমানা আরোপ যথাবিহিত।

(যোগেশ দয়াল)
মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস প্রকাশনী : 2023-2024/1322